

**সোনালী ব্যাংকের শিক্ষা**

**খন প্রকল্প চালু**

বর্তমান শিক্ষা বছর থেকে দেশের গরীব ও মেধাবী ছাত্রদের উচ্চতর শিক্ষা সহজতর করার জন্য সোনালী ব্যাংক শিক্ষা খণ্ড চালু করার সিদ্ধান্ত নিয়েছে।

এই খণ্ডের আওতাধীন যারা কারিগরী বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, কৃষি বিশ্ববিদ্যালয় ও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে পড়তে ইচ্ছুক তাদেরকে ৪ থেকে ৫ বছর শিক্ষাকালীন সময়ের জন্য সমন্বিত খণ্ড দেয়ার ব্যবস্থা করেছে। এই খণ্ড শিক্ষা জীবন শেষে কর্ম-জীবনে দশ থেকে ১৫ বছরের মধ্যে সহজ কিস্তিতে ও রেয়াতি সুদে পরিশোধযোগ্য হবে।

দেশের বহু গরীব ও মেধাবী ছাত্র অপেক্ষে অভাবে উচ্চতর (শেষ পৃষ্ঠা ১-এর কঃ দঃ)

**প্রকল্প চালু**

শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয়। কিংবা মাঝপথে তাদের শিক্ষা শেষ করতে হয়।

অনেক সময় টিউশনি করে শিক্ষার ব্যয় নির্বাহ করতে হয়। এসব বিষয় বিবেচনা করেই সোনালী ব্যাংক শিক্ষা খণ্ড প্রকল্প চালু করার সিদ্ধান্ত নিয়েছে।

চলতি বছরে যারা এইচএসসি পরীক্ষায় ভালো ফল করবে অথচ অর্থনৈতিক সমস্যার অভাবে উচ্চতর কারিগরী অথবা উচ্চতর সাধারণ শিক্ষা গ্রহণে অপারগ হবে তারাও এ খণ্ড পাবার যোগ্য বলে বিবেচিত হবে।

বাংলাদেশে এধরনের খণ্ড এই প্রথম। খবর বিজ্ঞপ্তির।